

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আন্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ৩. ২. অশোভন উদাহরণ

পবিত্র বাইবেল উল্লেখ করেছে, মোশি একজন ইথিওপীয় মহিলাকে বিবাহ করেন। এজন্য মোশির ভাই হারোণ ও মরিয়ম মোশির বিরুদ্ধে কথা বলেন। এতে ঈশ্বর হারোন ও মরিয়মের উপর ক্রোধে প্রজ্জ্বলিত হন এবং হারোনকে বাদ দিয়ে শুধু মরিয়মকে কুষ্ঠরোগ দ্বারা আক্রমণ করেন। মরিয়ম মোশির নিকট ক্ষমা চাইলে মোশি ঈশ্বরের নিকট প্রার্থনা করেন। তখন ঈশ্বর বলেন: "তার বাবা যদি তার মুখে থুথু দিত তবে কি সে সাত দিন সেই লজ্জা বয়ে বেড়াত না? সাত দিন তাকে ছাউনির বাইরে বন্ধ করে রাখ, তারপর তাকে ফিরিয়ে আনা যাবে।" (শুমারী/গণনা ১২/১৪)

সমালোচকরা ঈশ্বরের এ উদাহরণকে অশোভন বলে উল্লেখ করেন। পিতা তার কন্যার মুখে থুথু দেবেন? এটা কি কোনো শোভনীয় ও শিক্ষণীয় কর্ম? এ উদাহরণ দ্বারা কি ঈশ্বর আমাদেরকে এবং আমাদের শিশু কিশোরদেরকে এ কর্মে উদ্বুদ্ধ করছেন? এ কর্মের বৈধতা দিচ্ছেন? ঈশ্বর কি মরিয়মের অপরাধ বুঝাতে এর চেয়ে শোভনীয় কোনো ধার্মিক কর্ম উল্লেখ করতে পারতেন না?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14508

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন